

২৬ অক্টোবর'২০১৬খ্রিঃ

“বিএলআরআই এর অবসরপ্রাপ্ত ও প্রয়াত কর্মচারীদের সিপিফান্ড এর হালনাগাদ হিসাব অনুসারে প্রাপ্য বকেয়া টাকার চেক হস্তান্তর অনুষ্ঠান”

পুষ্টিতে স্বয়ংসম্পূর্ণ হতে হলে দুধ, মাংস ও ডিমের উৎপাদন বাড়াতে হবে। প্রাণিসম্পদ উন্নয়নে নতুন প্রযুক্তির বিকল্প নেই, গত ২৬ অক্টোবর ২০১৬ বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) কর্তৃক আয়োজিত বিএলআরআই এর অবসরপ্রাপ্ত ও প্রয়াত কর্মচারীদের সিপিফান্ড এর হালনাগাদ হিসাব অনুসারে প্রাপ্য বকেয়া টাকার চেক হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ডাঃ মোঃ এনামুর রহমান, মাননীয় সংসদ সদস্য ঢাকা-১৯ এ কথা বলেন। তিনি আরও উল্লেখ করেন যে, গবেষণার পাশাপাশি এ ধরনের অনুষ্ঠানের মাধ্যমে আর্থিক স্বচ্ছতার এক বিরল দৃষ্টান্ত সৃষ্টি করলো বিএলআরআই।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক, ড. তালুকদার নুরুন্নাহার এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের অতিরিক্ত পরিচালক ড. মোঃ আজহারুল ইসলাম তালুকদার এবং সিপি ফান্ড হালনাগাদ কমিটির আহ্বায়ক ড. এম.জে.এফ.এ তৈমুর।

স্বাগত ভাষণে ড. আজহারুল ইসলাম তালুকদার বলেন, গবেষকদের জবাবদিহিতা অনেক গুণে বৃদ্ধি করা হয়েছে। সিপি ফান্ডের হিসাব হালনাগাদ করার দীর্ঘ দিনের দাবী আজ পূরণ হলো। এর ফলে বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীদের কাজের অনুপ্রেরণা আরও বৃদ্ধি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির ভাষণে ড. তালুকদার নুরুন্নাহার বলেন, আমরা উৎপাদনমুখী গবেষণায় বিশ্বাসী। আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা না থাকলে আত্মবিশ্বাসী হয়ে কাজ করা যায় না। তিনি উল্লেখ করেন যে, ইনস্টিটিউটে ১৯৮৮-৮৯ সনে (CPF) এর হিসাব খোলা হলেও গত ২৭ বছরেও এর কোন পূর্ণাঙ্গ হিসাব করা হয়নি। মহাপরিচালক হিসেবে আমি আমার দায়িত্ব যথাযথভাবে পালন করে আর্থিকভাবে যারা দীর্ঘ দিন ধরে বঞ্চিত হয়েছেন তাদের এই প্রাপ্তির ব্যবস্থা করতে পারার জন্য আমি নিজেকে সৌভাগ্যবান বলে মনে করছি। তিনি বলেন দেশের একমাত্র গবেষণা ইনস্টিটিউট হিসেবে নানা প্রতিকূলতার মধ্যেও সল্লসংখ্যক বিজ্ঞানী নিয়ে কাজ করে যাচ্ছে। নতুন পদ সৃষ্ণনের বিষয়ে তিনি প্রধান অতিথির দৃষ্টি আকর্ষণ করেন। এই রকম একটি দূরহ কাজ সম্পন্ন করার জন্য কমিটির সকল সদস্যকে তিনি আন্তরিক ধন্যবাদ জানান। তিনি দেশের পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে এই ইনস্টিটিউটকে চ্যালেঞ্জ নিয়ে কাজ করার অংগীকার ব্যক্ত করেন।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ড. এস.এম জাহাঞ্জীর হোসেন, ড. মোঃ এবাদুল হক, জনাব দেবব্রত চৌধুরী এবং জনাব মোঃ আব্দুল করিম। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও প্রয়াত কর্মচারীদের নমিনীদের হাতে বকেয়া টাকার চেক হস্তান্তর করেন।

মোঃ শাহ আলম
তথ্য কর্মকর্তা
বিএলআরআই, সাভার, ঢাকা
ফোন- ০১৭১১৩৫৫২৩০